কালের কণ্ঠ

তারিখ ... 19 JUN 2016 ...
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ১ ...

বাছাইয়ে ত্রুটির অভিযোগ

# একাদশ শ্রেণির ভর্তিতে গোল্ডেন এ প্লাসপ্রাপ্ত শিক্ষার্থীরা বঞ্চিত!

খুলনা অফিস ▷

জিপিএ ৫ পেয়েও একাদশ শ্রেণিতে ভর্তি হতে গিয়ে অনেকেই ভালো কলেজে সুযোগ পাচ্ছে না বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী শিক্ষার্থীরা। বরং এসএসসি পরীক্ষায় তাঁদের চেয়ে খারাপ ফলধারীরা ভালো ভর্তির সুযোগে পেয়েছে। আর তাঁদের স্থান হয়েছে অপেক্ষমাণ তালিকায়। গতকাল শনিবার সকালে খুলনা প্রেস ক্লাবের মানিক সাহা অভ্যর্থনা কক্ষে এক সংবাদ সম্মেলনে ভর্তির সুযোগবঞ্চিত শিক্ষার্থীরা এ অভিযোগ করেন।

এতে লিখিত বক্তব্যে ভর্তীচ্ছু শিক্ষার্থী শেখ মো. হালিম বলেন, 'আমরা এসএসসিতে গোল্ডেন এ প্লাস (জিপিএ ৫) পেয়ে উত্তীর্ণ হয়েছি। অনেক আশা নিয়ে অনলাইনে ভর্তি ফরম পূরণ করেছি। কিন্তু ফলাফলে দেখা গেছে ভালো কলেজে আমাদের সুযোগ হয়নি। অথচ আমাদের কম জিপিএ পেয়েও অনেকে সুযোগ পেয়েছে। ফলে এখানে মেধার মূল্যায়ন হয়নি।'

শিক্ষার্থীরা বলেন, 'আমাদের ধারণা কম্পিউটারের ত্রুটির কারণে এটা ঘটতে পারে। আর এ ত্রুটিতে আমাদের শিক্ষাজীবন ধ্বংস হতে চলেছে। তাই এ বিষয়টি বিবেচনায় এনে আমাদের অপেক্ষমাণ তালিকার বিপরীতে বিশেষ তালিকায় ভর্তির সুযোগ দিতে হবে।'

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বপ্নীল সরকার, সাদিয়া আক্তার, সুমাইয়া বরকতুল্লাহ বিন্তী, জয়িতা বিশ্বাস কেয়া, মুনমুন ফারিয়া ইকবাল প্রমুখ।